ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
১২৪/৯০/৩, ব্লক-বি, সড়ক নং-০২,
পশ্চিম ধানমন্ডি, বসিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর
www.iau.edu.bd
E-mail: iaupro.bd@gmail.com

স্মারক নং-ইআবি/জনসংযোগ,ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০২০/০০৪৭৫ তারিখ : ৩০-১২-২০২৫ খ্রিস্টাব্দ

**প্রেস বিজ্ঞপ্তি**

# সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার ইন্তিকালে ইআবি প্রো-ভাইস-চ্যান্সেলরের শোক প্রকাশ

সাবেক প্রধানমন্ত্রী এবং বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু জাফর খান। এক শোকবার্তায় তিনি মরহুমার রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবার, দলীয় নেতাকর্মী ও সমগ্র দেশবাসীর প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

প্রো-ভাইস-চ্যান্সেলর বলেন, আপসহীন দেশনেত্রী বেগম খালেদা জিয়ার এক মহাকাব্যিক সংগ্রামী জীবনের অবসান হলো। বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে কিছু নাম আছে; যেগুলো কেবল ব্যক্তি নয়—একটি সময়, একটি সংগ্রাম, একটি জাতির আশা ও হতাশার প্রতীক। রাষ্ট্রক্ষমতার কেন্দ্রীয় রাজনীতি, প্রতিরোধ ও প্রাপ্তি তাঁর জীবনের সংগ্রামী অধ্যায়ের গৌরবময় পরিসমাপ্তি হলো।

উল্লেখ্য, বেগম খালেদা জিয়া আজ মঙ্গলবার ভোরে (৩০ ডিসেম্বর ২০২৫) রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

পরিচালক
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:
১. আইসিটি শাখা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।